# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং- ৩০/পিই/ম.ন,জো/২০০০/ ১৬০ তারিখঃ ২৪/১০/২০১৯

**বিষয়ঃ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর আন্তঃ কলেজ(উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০২০ অনুষ্ঠানের লক্ষে খেলার বাইলজ(নীতিমালা), খেলার তারিখ এবং জেলা, জোন ও চূড়ান্ত (বিভাগীয়) পর্যায়ের ক্রীড়া কমিটির সভাপতি মনোনয়ন সংক্রান্ত তথ্যাবলী প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন কলেজ/স্কুল এ্যান্ড কলেজ প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর আন্তঃ কলেজ (উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০২০ অনুষ্ঠানের লক্ষে বাইলজ (নীতিমালা), খেলার তারিখ এবং জেলা, জোন ও চূড়ান্ত (বিভাগীয়) প্রতিযোগিতা অনুষ্ঠানের লক্ষে ক্রীড়া কমিটির সভাপতি মনোনয়ন সংক্রান্ত তথ্যাবলী এ সংগে প্রেরণ করা হলো। ১৩টি জেলা ও ৩টি জোন (ঢাকা মহানগরী জোন ব্যতিত) পর্যায়ের ক্রীড়া কমিটির সভাপতিগণকে নিজ দায়িত্বে খেলা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২। ঢাকা মহানগরী জোন আন্তঃ কলেজ খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০২০ অনুষ্ঠানের তারিখ ও মাঠের নাম উল্লেখ পূর্বক খেলার ফিকচার আলাদাভাবে বোর্ডের ওয়েবসাইটে প্রদান করা হবে। সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কলেজ/স্কুল এ্যান্ড কলেজ প্রধানগণকে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ ৪ (চার পাতা)

২৪.১০.১৯

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ,
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল কলেজ/স্কুল এ্যান্ড কলেজ।

২৪/১০/১৯

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আন্তঃ কলেজ (উচ্চ মাধ্যমিক) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতার নীতিমালা(বাইলজ), ২০১৯-২০২০

০১। ফুটবল ঃ(পুরুষ ও মহিলা)

ফুটবল প্রতিযোগিতার প্রতিটি খেলা ৩০ মিঃ + ৫ মিঃ + ৩০ মিঃ = ৬৫ মিনিট অনুষ্ঠিত হবে। শেষ পর্যন্ত খেলা অমিমাংশিত থাকলে টাইব্রেকারের মাধ্যমে ফলাফল নির্ধারণ করা হবে। খেলা চলাকালীন সময়ে সর্বোচ্চ ৩ (তিন) জন খেলোয়াড় বদলী করা যাবে।

০২। ক্রিকেট ঃ (পুরুষ ও মহিলা)

(ক) ক্রিকেট প্রতিযোগিতা প্রতি ম্যাচে প্রত্যেক দল ২০ ওভার এবং ১ জন বোলার আন্তর্জাতিক নিয়ম অনুসারে ১/৫ ভাগ ওভার বল করার সুযোগ পাবে।

(খ) খেলা শুরু হওয়ার নির্দিষ্ট সময়ের ৩০ মিনিট পূর্বে খেলা পরিচালনা কমিটির নিকট খেলোয়াড় তালিকা জমা দিতে হবে।

(গ) ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠানে যদি প্রাকৃতিক কারণবশতঃ যথা-ঝড়-বৃষ্টি, ঘন কুয়াশা ইত্যাদির জন্য মাঠের অবস্থা খেলার অনুপযোগী হয় তবে, আম্পায়ার খেলার ওভার কমিয়ে খেলা সম্পন্ন করবেন।

(ঘ) খেলা যদি টাই অর্থাৎ উভয় দলের রান সমান হয় তবে, উভয় দলের প্রথম ১০ ওভারের রানের গড় তুলনা করে ফল নির্ধারণ করা হবে। এতেও টাই হলে উইকেট পতনের মাধ্যমে পার্থক্যে ফল নির্ধারণ করা হবে।

(ঙ) প্রাকৃতিক দুর্যোগের কারণে আদৌ খেলা শুরু করা সম্ভব না হলে TOSS OF COIN এর মাধ্যমে ফল নির্ধারণ করা হবে।

(চ) পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে খেলোয়াড়দের রঙ্গিন পোষাকে মাঠে নামতে হবে এবং সাদা বলে খেলা অনুষ্ঠিত হবে।

০৩। ভলিবল (পুরুষ ও মহিলা)ঃ

ভলিবল প্রতিযোগিতায় প্রতি দলে ৬ (ছয়) জন রোটেশন পদ্ধতিতে ৩ (তিন) সেটে সকল খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে।

০৪। হ্যান্ডবল (পুরুষ ও মহিলা)ঃ

হ্যান্ডবল প্রতি ২০+৫+২০ মিঃ=৪৫ মিনিট অনুষ্ঠিত হবে। ড্র হলে অতিরিক্ত ৫+৫ মিনিট খেলা অনুষ্ঠিত হবে। পুনরায় ড্র হলে টাইব্রেকারের মাধ্যমে ফল চূড়ান্ত হবে।

০৫। ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা)ঃ

ব্যাডমিন্টন প্রতিযোগিতা একক ও দ্বৈত = ৩ (তিন) সেট খেলা অনুষ্ঠিত হবে। দুই সেটে জয়ী দলকে বিজয়ী ঘোষণা করা হবে। উল্লেখ্য, প্রতিযোগীর সংখ্যা বেশী হলে রাউন্ডের খেলার পয়েন্ট কমিয়ে খেলা সমাপ্ত করা হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ

(ক) ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা ''নক আউট'' পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলসমূহ নিজেদের খেলার সরঞ্জাম যথা-বুট, হুজ, সিনগার্ড, জার্সি, প্যান্ট, কিপিং গভস্, ব্যাট, প্যাড, চেস্টগার্ড, রেকেট ইত্যাদি ব্যবহার করবে।

(খ) কোন খেলোয়াড়কেই নির্দিষ্ট খেলার ড্রেস, বুট, কেডস ইত্যাদি ছাড়া মাঠে নামতে দেওয়া হবে না।

(গ) ফুটবল, ভলিবল ও হ্যান্ডবল জার্সিতে অবশ্যই আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী বড় অক্ষরে নাম্বার থাকতে হবে।

০৬। এ্যাথলেটিকস (পুরুষ ও মাহিলা)ঃ

এ্যাথলেটিকস প্রতিযোগিতায় ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩ (তিন) বিষয়ে (ট্র্যাক এবং ফিল্ড) ও রিলেতে অংশগহণ করতে পারবে। ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ, ব্যক্তিগত বিষয়ে অর্জিত মোট পয়েন্টের ভিত্তিতে নির্ধারণ করা হবে। যদি ব্যক্তিগত চ্যাম্পিয়নের ক্ষেত্রে একাধিক প্রতিযোগীর টাই হয় তবে, রিলের পয়েন্ট যোগ করে ব্যক্তিগত চ্যাম্পিয়নশীপ নির্ধারণ করা হবে। ব্যক্তিগত বিষয়ে ১ম স্থান ৫ পয়েন্ট, ২য় স্থান ৩ পয়েন্ট ও ৩য় স্থান ১ পয়েন্ট ধরা হবে। রিলেতে ১ম স্থান ১২ পয়েন্ট, ২য় স্থান ৭ পয়েন্ট ও ৩য় স্থান ৫ পয়েন্ট ধরা হবে।

উলেখ্য, জেলা/জোন পর্যায়ে সর্বাধিক পয়েন্ট অধিকারী কলেজকে আন্তঃকলেজ জেলা/জোনাল চ্যাম্পিয়ন এবং ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় পর্যায়ে সর্বাধিক পয়েন্ট প্রাপ্ত অধিকারী জোনকে বিভাগীয় চ্যাম্পিয়ন হিসেবে ঘোষণা করা হবে।

০৭। নিম্নলিখিত খেলায় উল্লেখিত সংখ্যক প্রতিযোগী ও কর্মকর্তা সমন্বয়ে দল গঠিত হবে।

| খেলা | খেলোয়াড়+কর্মকর্তা | খেলা | খেলোয়াড়+কর্মকর্তা |
|---|---|---|---|
| (ক) ফুটবল (পুরুষ) | ১৬ জন+ ২ জন | (খ) ফুটবল (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (গ) ক্রিকেট (পুরুষ) | ১৬ জন+ ২ জন | (ঘ) ক্রিকেট (মহিলা) | ১৬ জন+ ২ জন |
| (ঙ) ভলিবল (পুরুষ) | ১২ জন+ ২ জন | (চ) ভলিবল (মহিলা) | ১২ জন+ ২ জন |
| (ছ) হ্যান্ডবল (পুরুষ) | ১২ জন+ ২ জন | (জ) হ্যান্ডবল (মহিলা) | ১২ জন+ ২ জন |
| (ঝ) ব্যাডমিন্টন (পুরুষ) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন | (ঞ) ব্যাডমিন্টন (মহিলা) (একক ও দ্বৈত) | (১+২) ৩ জন + ১ জন |
| (ট) এ্যাথলেটিকস (পুরুষ) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল | (ঠ) এ্যাথলেটিকস (মহিলা) | প্রতিটি ইভেন্টে ২ জন + ১ জন ও রিলেতে একটি দল |

(অ:পৃ:দ্র:/২)

০৮। এ্যাথলেটিকস (ক্রীড়া) ইভেন্টসমূহঃ

পুরুষঃ ১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, ত্রিলম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে।

মহিলাঃ ১০০ মিটার, ২০০ মিটার দৌড়, উচ্চ লম্ফ, দীর্ঘ লম্ফ, লৌহ গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, বর্শা নিক্ষেপ ও ১০০x৪ রিলে। ক্রীড়া প্রতিযোগিতায় ( পুরুষ ও মহিলা ) ১ জন প্রতিযোগী ব্যক্তিগত সর্বোচ্চ ৩টি ইভেন্টস ও রিলেতে অংশগ্রহণ করতে পারবে।

০৯। জেলা পর্যায়ের ফুটবল, ক্রিকেট, হ্যান্ডবল, ভলিবল, ব্যাডমিন্টন প্রতিযোগিতার চ্যাম্পিয়ন ও এ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল জোনাল পর্যায়ে অংশগ্রহণ করবে; অনুরুপভাবে জোনাল পর্যায়ে চ্যাম্পিয়ন, এ্যাথলেটিকস এর প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী প্রতিযোগী এবং রিলের চ্যাম্পিয়ন দল কেবলমাত্র ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় খেলায় অংশগ্রহণ করতে পারবে।

১০। খেলাধুলায় অংশগ্রহণকারী উচ্চমাধ্যমিক শ্রেণির ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট জেলা, জোন ও বিভাগীয় ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি/ বোর্ডের শারীরিক শিক্ষা অফিসার/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট নির্দিষ্ট তারিখে খেলা শুরু হওয়ার পূর্বে ইভেন্ট উল্লেখ পূর্বক তালিকা জমা দিতে হবে। প্রকৃত ছাত্র-ছাত্রীদের সনাক্তকরণের জন্য খেলার দিন প্রতিযোগির এস এস সি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিষ্ট্রেশন কার্ডের মূল কপি এবং পাশপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। একই সংগে সংশ্লিষ্ট খেলোয়াড়/খেলোয়াড়গনের একাদশ/ দ্বাদশ শ্রেণিতে ভর্তির ছবি সম্বলিত ESIF এর কপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। উভয় ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত এস স সি পাশের ট্রান্সক্রিপ্টের কপি জমা দিতে হবে। উপরিল্লিখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে সে প্রতিযোগি খেলায় অংশগ্রহণ করতে পারবেনা।

১১। যারা কলেজের নিয়মিত ছাত্র-ছাত্রী, ২০১৮ সাল এবং ২০১৯ সালে এসএস সি পাশ করে নিয়মিতভাবে উচ্চমাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নরত কেবলমাত্র তারাই সংশ্লিষ্ট খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

১২। সংশ্লিষ্ট জোনের খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কেবলমাত্র চ্যাম্পিয়ন ছাত্র-ছাত্রীরাই বিভাগীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

১৩। প্রতি টীমকে নির্দিষ্ট দিনের খেলার নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে মাঠে উপস্থিত থাকতে হবে। কারণ, খেলোয়াড়দের ফটো ও প্রয়োজনীয় কাগজপত্র যাচাই করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন দল মাঠে হাজির না হলে খেলা শুরু করার নির্ধারিত সময়ের পর ১০ মিনিট অপেক্ষা করে রেফারী/আম্পায়ার শেষ বাঁশি বাজিয়ে খেলার সমাপ্তি ঘোষণা করে কমিটির নিকট রিপোর্ট দাখিল করতে পারবেন।

১৪। খেলোয়াড়দের প্রয়োজনীয় সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি খেলার ৩০ মিনিট পূর্বে সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট প্রতিযোগীকে খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১৫। ঢাকা শিক্ষা বোর্ডের সর্বশেষ খেলার ফলাফলের ভিত্তিতে চ্যাম্পিয়ন 'বাই' পাবে। খেলা চলাকালীন সময়ে সংশ্লিষ্ট সকল খেলাধুলায় রেফারী/আম্পায়ারদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যদি কোন কলেজের টীমে কোন অবৈধ খেলোয়াড় অশংগ্রহণ করে এবং তা প্রমাণিত হয়, তাহলে উক্ত কলেজকে সংশ্লিষ্ট খেলার প্রতিযোগিতা হতে বহিস্কারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সে ক্ষেত্রে ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। আন্তঃ কলেজ (উঃমাঃ) খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা, ২০১৯-২০২০ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য মনোনীত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা, জোন ও চূড়ান্ত (বিভাগীয়) পর্যায়ের খেলার দায়িত্ব পালন করবেন।

১৮। বিশেষ কারণে /যৌক্তিক বিষয়ে যদি কোন দল আপত্তি (প্রটেষ্ট) করতে চায় তাহলে আপত্তিপত্র খেলা শেষ হওয়ার ৬০ মিনিটের মধ্যে ১০০০/-(এক হাজার) টাকা ফি ও উপযুক্ত প্রমাণাদিসহ সংশ্লিষ্ট ক্রীড়া কমিটির সভাপতি/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। কমিটির সিদ্ধান্ত যদি আবেদনকারীর পক্ষে বিবেচিত হয় তবে আবেদনকারীর জমাকৃত ফি ফেরৎ দেওয়া হবে। ফি ছাড়া কোন প্রটেষ্টই গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১৯। ঢাকা শিক্ষা বোর্ড বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণকারী প্রতিযোগী ও কর্মকর্তাগণ বোর্ডের নির্ধারিত হারে বোর্ডের পক্ষে খেলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দৈনিক খাওয়া খরচ (ফুড চার্জ) ও যাতায়াত খরচের অনুদান গ্রহণসহ নিজ ব্যবস্থায় অবস্থান করবেন। তবে, জেলা ও জোন পর্যায়ের খেলায় কোন প্রকার ভাতা প্রদান করা হবে না। উল্লেখ্য, এ্যাথলেটিকস ব্যতীত সংশ্লিষ্ট প্রতিটি খেলার জন্য দলের সাথে ০২ (দুই) জন (ম্যানেজার+শারীরিক শিক্ষক) কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন। এ্যাথলেটিকসের ক্ষেত্রে ০১(এক) জন কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন।

২০। এই নীতিমালা (বাইলজ) দ্বারা সমাধান যোগ্য নয় এরুপ কোন সমস্যার উদ্ভব হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ক্রীড়া পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

এ বাইলজ(নীতিমালা)-এর যে কোন বিষয়ে পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪.১১.১৯

প্রফেসর মু. জিয়াউল হক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।

২৪.১১.২০১৯

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশীদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩০/পিই/২০০৩(অংশ)/ ১৫৭ তারিখঃ ২৪/১০/১৯

### বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সংশ্লিষ্ট কলেজ/স্কুল এ্যান্ড কলেজ-এর সম্মানীত অধ্যক্ষগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৬/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা'র শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ শিক্ষা বর্ষের আন্তঃ কলেজ (উঃমাঃ) বার্ষিক খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে - ১৩টি জেলা ভিত্তিক ০৩/১১/২০১৯ তারিখ হতে ১৮/১১/২০১৯ তারিখ পর্যন্ত। জোন পর্যায়ে (ঢাকা মহানগরী জোন ব্যতিত) ২৪/১১/২০১৯ তারিখ হতে ৩০/১১/২০১৯ তারিখ পর্যন্ত । জোন পর্যায়ের খেলার ফলাফল ক্রীড়া কমিটির জোন সভাপতিগন ০৮/১২/২০১৯ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর ১ নম্বর ভবনের ৫ম তলায় শারীরিক শিক্ষা শাখায় পৌঁছানোর ব্যবস্থা করবেন।

২। ঢাকা মহানগরী জোন পর্যায়ের খেলা ১০/১১/২০১৯ তারিখ হতে ১২/১২/২০১৯ তারিখ পর্যন্ত এবং চুড়ান্ত প্রতিযোগিতা ০২/০১/২০২০ তারিখ হতে ১৩/০১/২০২০ তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হবে।

৩। আন্তঃ কলেজ(উচ্চমাধ্যমিক)খেলাধুল ও ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০২০ বোর্ডের পক্ষে পরিচালনা করার জন্য নিম্ন বর্ণিত জেলা এবং জোন পর্যায়ে শারীরিক শিক্ষা ও ক্রীড়া পরিচালনা কমিটির সভাপতি মনোনীত করা হলো।

### জেলা পর্যায়

| ক্রমিক নং | জেলার নাম | প্রতিষ্ঠান | স্থান |
|---|---|---|---|
| ১। | ঢাকা | অধ্যক্ষ<br>সাভার কলেজ, সাভার, ঢাকা। মসন | সাভার |
| ২। | গাজীপুর | অধ্যক্ষ<br>কাজী আজিম উদ্দিন কলেজ, জয়দেবপুর, গাজীপুর। | গাজীপুর |
| ৩। | নরসিংদী | অধ্যক্ষ<br>নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী। | নরসিংদী |
| ৪। | মুন্সীগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ। | মুন্সিগঞ্জ |
| ৫। | মানিকগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ। | মানিকগঞ্জ |
| ৬। | নারায়নগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ। | নারায়নগঞ্জ |
| ৭। | টাংগাইল | অধ্যক্ষ<br>সরকারি এম,এম,আলী কলেজ, কাগমারী, টাংগাইল। | কাগমারী, টাংগাইল |
| ৮। | ফরিদপুর | অধ্যক্ষ<br>সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর। | ফরিদপুর |
| ৯। | মাদারীপুর | অধ্যক্ষ<br>সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর। | মাদারীপুর |
| ১০। | শরীয়তপুর | অধ্যক্ষ<br>শরিয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর। | শরীয়তপুর |
| ১১। | রাজবাড়ী | অধ্যক্ষ<br>সরকারি রাজবাড়ী কলেজ, রাজবাড়ী। | রাজবাড়ী |
| ১২। | গোপালগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |
| ১৩। | কিশোরগঞ্জ | অধ্যক্ষ<br>সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ। | কিশোরগঞ্জ |

### ০৪টি জোন পর্যায়ঃ

| ক্রমিক নং | জোনের নাম | জেলাসমূহ | সভাপতি | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | ঢাকা মহানগরী | ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত কলেজ/স্কুল এ্যান্ড কলেজ সমূহ নিয়ে গঠিত | চেয়ারম্যান মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। | ঢাকা মহানগর |
| ০২। | ঢাকা জোন | ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, ও গাজীপুর জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ<br>সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ। | নারায়নগঞ্জ |
| ০৩। | ফরিদপুর জোন | ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ<br>শেখ ফজিলাতুন্নেছা সরকারি মহিলা কলেজ, গোপালগঞ্জ। | গোপালগঞ্জ |
| ০৪। | কিশোরগঞ্জ জোন | টাংগাইল, কিশোরগঞ্জ এবং নরসিংদী জেলা সমূহ নিয়ে গঠিত। | অধ্যক্ষ<br>সরকারি গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ। | কিশোরগঞ্জ |

অপর পাতায় দ্রষ্টব্য

৪।

## চূড়ান্ত পর্যায়(বিভাগীয় পর্যায়)

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | বিভাগীয় (ফাইনাল খেলা) | ঢাকা মহানগরী জোন, ঢাকা জোন, ফরিদপুর জোন এবং কিশোরগঞ্জ জোন সমূহের খেলার ফলাফলের ভিত্তিতে। | চেয়ারম্যান --পদাধিকারবলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। | ঢাকা মহানগরী |

৫। জেলা পর্যায়ঃ জেলা পর্যায়ে অবস্থিত কলেজ সমূহের ছাত্র-ছাত্রীদের বেলায় খেলাধুলা ও ক্রীড়া প্রতিযোগিতায় অংশ গ্রহণের নিমিত্তে জেলা ক্রীড়া কমিটির সভাপতি তাঁর জেলার সকল কলেজ/স্কুল এ্যান্ড কলেজ প্রধানগনকে অবহিত করণপূর্বক খেলার যাবতীয় আয়োজন সম্পন্ন করে খেলার ফলাফল ও বিস্তারিত কাগজপত্র ক্রীড়া কমিটির জোন সভাপতির নিকট প্রেরণ করবেন।

৬। জোন পর্যায়ঃ জোন পর্যায়ের খেলায় অংশগ্রহণকারী বিজয়ী খেলোয়াড়গন (বাইলজ/নীতিমালা অনুযায়ী) বিভাগীয় পর্যায়ে খেলার জন্য মনোনীত হবেন। জোন ক্রীড়া কমিটির সভাপতির সংগে যোগাযোগপূর্বক জেলা পর্যায়ে খেলায় বিজয়ীগন জোন পর্যায়ে খেলায় অংশগ্রহণ করবেন। জোন পর্যায়ে খেলায় মনোনীত কলেজ এবং কলেজের খেলোয়াড়/খেলোয়াড়গনের ইভেন্ট উল্লেখ পূর্বক ০৮/১২/২০১৯ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ তালিকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা'র ১ নম্বর ভবনের ৫ম তলায় শারীরিক শিক্ষা শাখায় অবশ্যই পৌঁছাতে হবে। তালিকায় বিজীয় কলেজের নাম, পোস্ট, থানা/ উপজেলা, জেলা এবং প্রতিযোগী কলেজের ক্রীড়া শিক্ষকের মোবাইল নম্বর, অ্যাথলেটিকসের ক্ষেত্রে খেলোয়াড়দের কলেজের নাম, খেলোয়াড়/খেলোয়াড়দের নাম ও মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ বিভাগীয় খেলায় অংশগ্রহণের জন্য জেলা ক্রীড়া কমিটির সভাপতি তাঁর জেলার অধীন সকল প্রতিযোগীকে ঢাকা শিক্ষা বোর্ড প্রদত্ত খেলার ফিকচারে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী খেলার মাঠে যথা সময়ে উপস্থিতি নিশ্চিত করবেন। এ বিষয়ে জোন সভাপতিও সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৭। এতদসংগে প্রেরিত বাইলজ (নীতিমালা) ২০১৯-২০২০ এর ক্রমিক নং ৭ এবং ৮ এ উল্লিখিত প্রতিযোগিতায় কমপক্ষে একটি বিষয়ে অংশগ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য, খেলার সংগে সংশ্লিষ্ট সকলকে বাইলজ (নীতিমালা) পুংখানুপংখরুপে অনুস্মরণ করার জন্য বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২৪.১০.১৯
প্রফেসর মু. জিয়াউল হক
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৪.১০.১৯
প্রফেসর ড.মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।